118

দৈনিক বাংলা

তারিখ ... 09 MAR 1995 ...
পৃষ্ঠা 7 কলাম ... 4 ...

121

এসএসসি পরীক্ষা

# যশোর বোর্ডে ২০ হাজার ভুয়া রেজিস্ট্রেশন বাতিল হতে পারে

**যশোর ব্যুরো** ঃ ৮ মার্চ।– যশোর বোর্ডের ভুয়া রেজিস্ট্রেশন প্রদান ঘটনা তদন্তে শিক্ষা মন্ত্রণালয়ের এক পদস্থ কর্মকর্তা বৃহস্পতিবার যশোর আসছেন। একজন দায়িত্বশীল কর্মকর্তা জানান ঃ যশোর বোর্ডের অন্তত বিশ হাজার ভুয়া এসএসসি পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন বাতিল হতে পারে। এদিকে ভুয়া পরীক্ষার্থীদের হাতে নিগৃহীত হবার ভয়ে কিছু শিক্ষক এলাকা থেকে পালিয়ে শহরে এসে আশ্রয় নিয়েছেন। বুধবারও কয়েকশ' শিক্ষক শিক্ষা বোর্ডে ধর্ণা দেন।

সূত্র জানায়, যশোর শিক্ষা বোর্ডের রেজিস্ট্রেশন কেলেংকারী তদন্তে শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম সচিব যশোর আসছেন। তিনি সরেজমিন খতিয়ে দেখবেন সংশ্লিষ্ট বিষয়গুলি। শিক্ষা বোর্ড থেকে রেজিস্ট্রেশনের বিবরণীসহ অন্যান্য তথ্য চেয়ে পুনরায় মাধ্যমিক বিদ্যালয়গুলির কাছে পত্র দিয়ে তাগাদা দেয়া হয়েছে। ২ হাজার ৪শ' ৭৮টি বিদ্যালয়ের মধ্যে এখনও ৪শ' ৮৯টি থেকে বিবরণী বা প্রিন্টআউট আসেনি। অথচ এ সপ্তাহের মধ্যে কমপিউটার প্রসেসের জন্য তা ঢাকাতে বুয়েটে পাঠাতে হবে। যে সমস্ত বিদ্যালয় থেকে রেজিস্ট্রেশনের বিবরণী পাওয়া যাবে না, যে সমস্ত বিদ্যালয়ের পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন বাতিল বলে গণ্য হবে আপনা আপনি।

কর্মকর্তাদের মতে অন্তত ২০ হাজার পরীক্ষার্থী যে ভুয়া এতে কোন সন্দেহ নেই। এবং তাদের পরীক্ষার আবেদন নিশ্চিত বাতিল হতে যাচ্ছে। তবে শিক্ষা বোর্ডেরই অন্যান্য সূত্র জানায়, এ সংখ্যা আরও বেশী। বৃহস্পতিবার কয়েকজন শিক্ষক বলেন, আমাদের কোন অপরাধ নেই। আমরা ছাত্রছাত্রীদের কাছ থেকে অর্থ সংগ্রহ করে উৎকোচ দিয়েছি। এখন আমাদের এলাকায় ফেরার পথ নেই। ছাত্রছাত্রী এবং তাদের অভিভাবক মারমুখী হয়ে উঠেছে। বৃহস্পতিবার কয়েকশ' শিক্ষক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক হাসান ওয়ায়েজ–এর সঙ্গে সাক্ষাৎ করে ক্ষমা প্রার্থনা করেন এবং ভুয়া রেজিস্ট্রেশনধারীদের বৈধ পরীক্ষার্থী হিসাবে গ্রহণের আবেদন জানান। অধ্যাপক ওয়ায়েজ তাদের পরিষ্কার ভাষায় জানিয়ে দেন, ভুয়া পরীক্ষার্থীদের পরীক্ষার্থী হিসাবে বিবেচনার কোন সুযোগ নেই।